

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ২৫ ডিসেম্বর, ২০১৮।

প্রতি: নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মীবৃন্দ

হতে: পরিচালক

বিষয়: সংস্থার বার্ষিক প্রতিবেদন (Annual Report) ২০১৮ এর জন্য নিজ নিজ প্রকল্পের প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আশা করি আপনারা অবগত আছেন যে, প্রতিবছরের মতো কোস্ট ট্রাস্ট তার বার্ষিক প্রতিবেদন তৈরির কাজ শুরু করেছে।

কোস্ট তার প্রতিটি কার্যক্রমকেই বিশেষ কার্যক্রম বা কর্মসূচি হিসেবে গণ্য করে। প্রতিটি কর্মসূচিতেই কোস্ট নতুনত্ব আনার চেষ্টা করে, মানুষ বা সমাজকে বদলে দেওয়ার জন্য জ্ঞানভিত্তিক কর্মকৌশল পরিচালনা কোস্ট ট্রাস্টের অন্যতম বৈশিষ্ট্য। স্থানীয় পর্যায়ে কোস্ট যেমন মানুষ, সমাজে ইতিবাচক পরিবর্তন আনছে, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়েও সংশ্লিষ্ট মহলকে তার বুদ্ধিমত্তা, জ্ঞান, যুক্তি দিয়ে প্রভাবিত করতে সক্ষম হয়েছে। এবারের বার্ষিক প্রতিবেদনে আমরা সেই বিষয়গুলোই বিশেষভাবে তুলে আনতে চাই। এ লক্ষ্যে সকলের সহযোগিতা একান্ত প্রয়োজন।

বার্ষিক প্রতিবেদন প্রকাশ কর্মসূচির অংশ হিসেবে সংস্থা নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে:

- আগামী ১০ জানুয়ারির মধ্যে সকল কর্মসূচি/প্রকল্প প্রধানগণ নিজ নিজ ফোকাল পারসন বরাবর প্রকল্পের বার্ষিক প্রতিবেদন পাঠাবেন।
- ভাষা ইংরেজি।
- ফোকাল পারসনগণ প্রয়োজনীয় সম্পাদনা, যাচাই বাছাই করে তা সহকারী পরিচালক-শিক্ষা ও খাদ্য নিরাপত্তা বরাবর ১৫ জানুয়ারির, ২০১৯ এর মধ্যে জমা দিবেন।
- সংস্থার আর্থিক বিবরণী জমা দিবেন উপ-পরিচালক অর্থ-এইচআরএম এন্ড এফসিএ।
- প্রকল্প বা কর্মসূচির বার্ষিক বিবরণে যে বিষয়গুলো থাকবে:
 - প্রকল্পের সংক্ষিপ্ত বর্ণনা (দাতা সংস্থা, মেয়াদকাল, কর্মএলাকা, উদ্দেশ্য, সুবিধাভোগী ইত্যাদি)।
 - ২০১৮ সালের গুরুত্বপূর্ণ কার্যক্রম
 - ২০১৮ সালে অর্জিত ফলাফল
 - প্রধান সমস্যা এবং শিক্ষণীয় বিষয়
 - বিশেষ কোন কৌশলটি মানুষ ও সমাজকে প্রভাবিত করতে পেরেছে।
 - দুটি করে কেস স্টাডি
 - সকল মূল ছবি আলাদাভাবে পাঠাতে হবে, ছবি কামেরা দিয়ে তোলা হতে হবে।
 - ছবির ক্যাপসন, কবে কোথায় তোলা এবং কে তুলেছেন তার তথ্য থাকতে হবে।

বার্ষিক প্রতিবেদন প্রেরণের একটি সংক্ষিপ্ত নির্দেশিকা এই সার্কুলারের সঙ্গে দেওয়া হলো।


সনত কুমার ভৌমিক

25.12.2018

অনুলিপি:

নির্বাহী পরিচালক

সকল উপ-এ সহকারী পরিচালক